গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০১.২৩- ৬০৩ তারিখ: ১১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত ''সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩''-এর ১ ম গ্রুপের (রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ) অপেক্ষমান তালিকা থেকে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের ফলাফল প্রকাশ।**

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত ''সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩''এর ১ম গ্রুপের (রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ) গত ২৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি: তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০১.২৩-৭৫ নং স্মারকের বিজ্ঞাপনের আলোকে লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ১৫ জেলায় (রংপুর, দিনাজপুর, পঞ্চগড়, লালমনিরহাট, ঠাকুরগাঁও, গাইবান্ধা, বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠি, বরগুনা, ভোলা, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, মৌলভীবাজার) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে সর্বমোট ৫৪ (চুয়ান্ন) জন প্রার্থীকে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচনপূর্বক প্রার্থীদের ফলাফল প্রকাশ করা হলো:

ক. প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭ এপ্রিল ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৬. ২২-৯৬ নং পরিপত্রের নির্দেশনা অনুসরণপূর্বক উপজেলাভিত্তিক মেধাক্রম অনুযায়ী প্রস্তুতকৃত অপেক্ষমান তালিকা থেকে নিয়োগের জন্য প্রাথমিকভাবে প্রার্থী নির্বাচন করে তালিকা প্রণয়ন করা হয়েছে।

খ. প্রকাশিত ফলাফলের কোন পর্যায়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি/ত্রুটি-বিচ্যুতি/মুদ্রণজনিত ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন করার বা প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ফলাফল বাতিল/সংশোধন করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গ. নির্বাচিত কোন প্রার্থী কোন প্রকার ভুল তথ্য প্রদান করলে কিংবা কোন তথ্য গোপন করেছেন মর্মে প্রতীয়মান/প্রমাণিত হলে কর্তৃপক্ষ তার ঘোষিত ফলাফল বা নির্বাচন বাতিল করতে পারবে।

ঘ. অপেক্ষমান তালিকা থেকে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীকে ১৫ জুলাই ২০২৪ তারিখে মধ্যে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন ও ডোপ টেস্ট রিপোর্ট সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে দাখিল করতে হবে। স্বাস্থ্যগত সনদে প্রার্থী কোন দৈহিক বৈকল্যে ভুগছেন কিংবা উল্লিখিত পদে নিয়োগযোগ্য নয় মর্মে উল্লেখ থাকলে তিনি নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

ঙ) অপেক্ষমান তালিকা থেকে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণকে ১৫ জুলাই ২০২৪ তারিখে মধ্যে পরিচিতি প্রতিপাদন ও সকল ডকুমেন্টস যাচাইয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সকল মূল সনদ (সকল সনদের মূলকপি), জাতীয় পরিচয়পত্র, সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন এবং ডোপ টেস্ট রিপোর্ট ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সনদসহ সশরীরে উপস্থিত হতে হবে।

চ। অপেক্ষমান তালিকা থেকে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণকে ১৫ জুলাই ২০২৪ তারিখে মধ্যে ৩ (তিন) সেট পুলিশ ভেরিফিকেশন ফর্ম (যথাযথভাবে পূরণকৃত) জমা দিতে হবে। কোন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে পূর্ব কার্যকলাপ সন্তোষজনক না হলে কিংবা নাশকতা/সন্ত্রাসি/জঙ্গি কার্যক্রমে সংশ্লিষ্ট কিংবা রাষ্ট্র বিরোধী কোন কার্যক্রমে লিপ্ত ছিলেন মর্মে প্রতীয়মান হলে তিনি চাকরিতে অনুপযুক্ত হবেন।

ছ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে উপরের ঘ, ঙ ও চ অনুচ্ছেদে বর্ণিত সকল ডকুমেন্টসসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে উপস্থিত হতে না পারলে এবং পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফর্ম প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে তিনি নিয়োগপত্র প্রদানের জন্য বিবেচিত হবেন না।

সংযুক্তি: রোল নম্বর সম্বলিত ফলাফল তালিকা।

২৫/০৬/২০২৪
(মো: লুৎফুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (পলিসি ও অপারেশন)
ফোন: ০২-৫৫০৭৪৯২৮
ই মেইল: ad.recruitdpe@yahoo.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. জেলা প্রশাসক (১৫ জেলা), রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ।
৬. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ।

পরিশিষ্ট-খ

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩ এর ১ম গ্রুপের (রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ)- অপেক্ষমান তালিকা হতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর

| ক্রঃ নং | জেলার নাম | উপজেলার নাম | রোল নম্বর |
|---|---|---|---|
| ১. | বরিশাল | গৌরনদী | ৬৭২৪১২১ |
| | | বরিশাল সদর | ৬৭৩১০৬৬ |
| | | বানারীপাড়া | ৬৭৩৬২৮৩ |
| | | বাবুগঞ্জ | ৬৭২২০৫৭ |
| | | মেহেন্দিগঞ্জ | ৬৭২০৯৭৫ |
| | | হিজলা | ৬৭৩৬৪১০, ৬৭৩৫৬৬১ |
| ২. | ঝালকাঠি | কাঠালিয়া | ৭০১৮১৭১, ৭০১৮৪১৯ |
| | | ঝালকাঠি সদর | ৭০১৫২৭৯ |
| | | নলছিটি | ৭০১১৬৬৮ |
| | | রাজাপুর | ৭০১৮১৪৬, ৭০১৮১৮৫, ৭০১৬৮৫৫ |
| ৩. | ভোলা | সদর | ৭১১০২৭২ |
| | | বোরহান উদ্দিন | ৭১১১৪৫৩ |
| | | লাল মোহন | ৭১২২৯৬৫ |
| ৪. | বরগুনা | বেতাগী | ৭২১৭৬৫২ |
| ৫. | পটুয়াখালী | সদর | ৬৮২৮২১৮ |
| | | দুমকী | ৬৮২৯১৭১ |
| ৬. - | সুনামগঞ্জ | জামালগঞ্জ | ৫৪১৯২৬৪, ৫৪২২৫৫৯, ৫৪২১০৮৯, ৫৪২৫০০৮, ৫৪২১৭২৫, ৫৪১৯৩০৩ |
| | | ধর্মপাশা | ৫৪১১১৪৪, ৫৪১৮২৮৩ |
| | | শাল্লা | ৫৪২০৬০৭ |
| | | জগন্নাথপুর | ৫৪২৩৭২২ |
| | | শান্তিগঞ্জ | ৫৪১২৩৪৩ |
| ৭. | হবিগঞ্জ | লাখাই | ৫৬২৩২৩৯ |
| | | মাধবপুর | ৫৬১৩৭৪৬, ৫৬১৯২০৪ |
| | | বাহুবল | ৫৬২২৪১৪ |
| ৮. | মৌলভীবাজার | কুলাউড়া | ৫৫১১৬৪৯ |
| ৯. | সিলেট | সদর | ৫৩২০১৬৭, ৫৩১৩০০৬, ৫৩১১৫৩০ |
| | | গোলাপগঞ্জ | ৫৩১৯৩৭৮ |
| | | কানাইঘাট | ৫৩১০৯৫৬ |
| ১০. | গাইবান্ধা | সাদুল্লাপুর | ৩৭২৬০৯২ |
| ১১. | পঞ্চগড় | আটোয়ারী | ৩৯১৯৪৬৮ |
| ১২. | ঠাকুরগাঁও | সদর | ৪০১২৮৯৩, ৪০২৯৩৪৮ |
| ১৩. | দিনাজপুর | ঘোড়াঘাট | ৪২৩৫৬৬৫ |
| | | সদর | ৪২৩৮৮২৬ |
| | | বিরল | ৪২৪৫৫৭৫ |
| ১৪. | লালমনিরহাট | হাতীবান্ধা | ৪১২৩২১৫ |
| ১৫. | রংপুর | মিঠাপুকুর | ৩৬১৬৬৮৭, ৩৬২৮২৯৫ |
| | | সদর | ৩৬৪৩২২২ |
| | | তারাগঞ্জ | ৩৬২৮৯৪৩, ৩৬১৪৯৭২ |